

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম।
(আইসিটি শাখা)
www.chittagong.gov.bd

স্মারক নম্বর ০৫.৪২.১৫০০.৬০২১৫.০১১.৫০. ৬

তারিখঃ ৬ জানুয়ারী, ২০১৫

বিষয়ঃ ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের জন্য কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

সূত্রঃ এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং ১৯৬০, তারিখ- ২০.১২.২০১৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের সাথে কয়েকটি ভার্সুয়াল শপ, পেমেন্ট গেটওয়ে ও ক্যুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এই সমঝোতা স্মারকের আওতায় পর্যায়ক্রমে বাংলাদেশের সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) ও পৌর ডিজিটাল সেন্টার (পিডিসি) সমূহে ভার্সুয়াল শপের মাধ্যমে অপ্রতুল পণ্য সমূহের ক্রয়-বিক্রয় ও ক্যুরিয়ার প্রতিষ্ঠানের মাধ্যমে পণ্য পরিবহন সেবা প্রদানের মাধ্যমে গ্রামীণ পর্যায়ে ডিজিটাল সেন্টারের মাধ্যমে ই-কমার্স সেবা নিশ্চিত করা হবে। এতে করে জনগণ হাতের মুঠোয় পণ্য ও ক্যুরিয়ার সেবা পাবে এবং উদ্যোক্তাদের আয়ের সংস্থান হবে।

এই লক্ষ্যে ইউডিসি ও পিডিসি উদ্যোক্তা ও এটুআই এর ই-কমার্স পার্টনারদের সমন্বয়ে বর্ণিত কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত দিনব্যাপী কর্মশালা আগামী ১৭ জানুয়ারী, ২০১৬ সকাল ১১.০০ ঘটিকায় চট্টগ্রাম সার্কিট হাউজ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠেয় কর্মশালায় উপজেলাধীন ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) ও পৌর ডিজিটাল সেন্টার (পিডিসি) হতে ৮ (আট) জন উদ্যোক্তার (প্রতিটি ইউডিসি/পিডিসি হতে অনধিক একজন করে) অংশগ্রহণ নিশ্চিত করে মনোনীত উদ্যোক্তার তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

মো: দৌলতুজ্জামান খান

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

চট্টগ্রাম

ফোনঃ ০৩১-৬২০৭৯৯

adcictchittagong@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

..... (সকল), চট্টগ্রাম।

স্মারক নম্বর ০৫.৪২.১৫০০.৬০২১৫.০১১.৫০. ০৬

তারিখঃ ৬ জানুয়ারী, ২০১৬

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

০১. জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, আমবাগান, চট্টগ্রাম। তাঁকে বর্ণিত কর্মশালা চলাকালীন প্রয়োজনীয় সাউন্ড সিস্টেমের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০২. নেজারত ডেপুটি কালেক্টর, চট্টগ্রাম (প্রশিক্ষণ আয়োজনের জন্য নির্ধারিত তারিখসমূহে সার্কিট হাউজের সম্মেলন কক্ষ প্রস্তুত রাখার অনুরোধসহ)।
০৩. স্টাফ অফিসার টু ডিসি, চট্টগ্রাম। জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

মো: দৌলতুজ্জামান খান

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

চট্টগ্রাম